গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

# শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির জুন ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২১/০৬/২০২২
সময় : সকাল ১১:৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৩/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | সভায় জানানো হয় যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৪র্থ ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিকের যাবতীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |
| ২ | সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ৩য় ত্রৈমাসিক পর্যন্ত প্রণীত আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন ৮০% অর্জিত হয়েছে এবং ২০২১-২২ অর্থবছরের সকল কর্মকর্তার কার্যক্রম বাস্তবায়নের স্ব-মূল্যায়িত তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার লক্ষ্যমাত্রা অনুযায়ী আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৩ | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ৩০/৫/২২ তারিখে প্রদান করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪ | বিগত ০৮/১২/২১ এবং ০৮/০৩/২০২২ তারিখে ২টি অংশীজনের সভা অনুষ্ঠিত হয়। কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২ টি সভা বাস্তবায়িত হওয়ায় উক্ত কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,শিল্প মন্ত্রণালয় |
| ৫ | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ১০০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ১০০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | শুদ্ধাচার সংক্রান্ত ১০০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের ফলে কার্যক্রমটির লক্ষ্যমাত্রা বাস্তবায়িত হয়েছে। | উপসচিব (প্রশিক্ষণ), শিল্প মন্ত্রণালয় |
| ৬ | কর্ম-পরিবেশ উন্নয়নে ৩টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ৪র্থ ত্রৈমাসিকে অফিসের ভিতর ও বাহিরে ফগার মেশিনের মাধ্যমে জীবাণু ধ্বংসকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করার লক্ষ্যমাত্রা রয়েছে। | আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালযের ভিতর ও বাহিরে ফগার মেশিনের মাধ্যমে জীবাণু ধ্বংসকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করার কার্যক্রমটি সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও উপসচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয় |
| ৭ | সভায় জানানো হয় যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ৩য় ত্রৈমাসিকের প্রতিবেদন ১৩/০৪/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার চূড়ান্ত প্রতিবেদনের কাজ ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার চূড়ান্ত প্রতিবেদন যথাযথভাবে মন্ত্রিপরিষদ বিভাগে ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,শিল্প মন্ত্রণালয় |
| ৮ | মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের পিএসসি সভা ৫৭ টির মধ্যে ৩য় ত্রৈমাসিক পর্যন্ত অগ্রগতির প্রতিবেদনে ৪২টি সভা অর্জিত হয়েছে এবং পিআইসি সভা ৬টির মধ্যে ৩টি অর্জিত হয়েছে। | পিএসসি ও পিআইসি সভা কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | যুগ্নসচিব (পরিকল্পনা) |
| ৯ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহন, প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের জন্য ৩০/০৬/২০২২ তারিখে লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উক্ত সময়ের মধ্যে সমাপ্তিকৃত প্রকল্পের সম্পদ সংস্থাপন মন্ত্রণালয়ের ৮/১/২০০৬ এবং ১১/৫/১৯৯৯ তারিখের পরিপত্র মোতাবেক হস্তান্তর করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সকল সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | যুগ্নসচিব (পরিকল্পনা) |
| ১০ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক ৫টি কার্যক্রম নেয়া হয়। তন্মধ্যে ৩টি কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বাকি দুটি কার্যক্রম ভোজ্যতেলে ভিটামিন এ সমৃদ্ধকরণ ও লবণে আয়োডিন সমৃদ্ধকরণ কার্যক্রম দু'টির ত্রৈমাসিকের সভাটি ১৫/০৬/২০২২ তারিখে সম্পন্ন করা হয়েছে। | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক ৫টি কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হওয়ায় কার্যক্রমসমূহ বাস্তবায়িত হয়েছে। | অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রওম), শিল্প মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১ | সভায় অবহিত করা হয় যে, অনুমোদিত ২০২২-২৩ অর্থবছরের খসড়া শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২৮/৪/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ১২ | দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য ও অন্তরায় পাওয়া গিয়েছে তা সভায় উপস্থাপন করা হয় এবং এ সম্পর্কিত বিস্তারিত আলোচনা করা হয়। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যেসকল সাফল্য পাওয়া গিয়েছে তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৈতিকতা কমিটি, শিল্প মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল) |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-৩০/০৬/২০২২
জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়